



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

“সরকারি মৎস্যবীজ উৎপাদন খামার ও বাঁওড়ে মৎস্যবীজ ও মৎস্য উৎপাদন,  
বিপণন এবং ব্যবস্থাপনা নীতিমালা ২০১৯”

আইন অধিশাখা  
অক্টোবর, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

“সরকারি মৎস্যবীজ উৎপাদন খামার ও বাঁওড়ে মৎস্যবীজ ও মৎস্য উৎপাদন,  
বিপণন এবং ব্যবস্থাপনা নীতিমালা ২০১৯”

আইন অধিশাখা  
অক্টোবর, ২০১৯

## মুখবন্ধ

মাছে-ভাতে বাঙ্গালী আমাদের অতি পরিচিত এ প্রবাদটির মাছের প্রধানতম উৎস ছিল প্রাকৃতিক জলাশয় তথা দেশের নদী-নালা, খাল-বিল, হাওর-বাঁওড়, পুকুর ইত্যাদি। জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে মাছের এ চাহিদা বহুলাংশে বৃদ্ধি পায়। বাড়তি চাহিদা মেটানোর জন্য বন্ধ জলাশয়ে মাছ চাষ সম্প্রসারণ এবং মাছ চাষে নতুন নতুন জ্ঞান ও প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে মাছের উৎপাদন বাড়ানোর উদ্যোগ গ্রহণ করা হয়। মাছ চাষের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির জন্য মানসম্পন্ন মাছের পোনা অতীব প্রয়োজন। এ ধরনের পোনা উৎপাদন এবং চাষীদের নিকট সরবরাহ; সরকারের বিভিন্ন উন্নয়ন প্রকল্পে যোগান; নতুন নতুন বিভিন্ন প্রজাতির মৎস্যচাষ, পোনা উৎপাদন, প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে ব্যবহার; হ্যাচারি ব্যবস্থাপনাসহ লাগসই মৎস্য প্রযুক্তি প্রদর্শন ও চাষীদের নিকট হস্তান্তর এর জন্য সরকারি উদ্যোগে মৎস্য অধিদপ্তরের অধীন মৎস্য বীজ উৎপাদন খামার স্থাপন করা হয়। এ সকল খামারের সম্পদের সর্বোচ্চ ব্যবহার এবং খামারে উৎপাদিত রেণু, পোনা, চিংড়ির পিএল ও জুভেনাইল মৎস্যচাষীদের নিকট সরকার নির্ধারিত মূল্যে সরবরাহ অব্যাহত রাখার স্বার্থে একটি নীতিমালা প্রণয়ন আবশ্যিক ছিল।

বৃহত্তর যশোর অঞ্চলে বাঁওড়সমূহ মৎস্য সম্পদের অন্যতম উৎস। বাঁওড় এর বিজ্ঞানভিত্তিক মৎস্য ব্যবস্থাপনার মাধ্যমে উৎপাদন বৃদ্ধি করা এবং সরাসরি স্থানীয় জেলেদের অংশগ্রহণের মাধ্যমে তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের জন্য মূলতঃ কিছু সংখ্যক বাঁওড় সরকার কর্তৃক মৎস্য অধিদপ্তরে হস্তান্তর করা হয়। সে মোতাবেক জেলেদের মাধ্যমে মৎস্য অধিদপ্তরের তত্ত্বাবধানে বাঁওড়ে মৎস্য সম্পদ সংরক্ষণ ও চাষের মাধ্যমে মৎস্য সম্পদের উৎপাদন বৃদ্ধি কার্যক্রম চলমান রয়েছে। বাঁওড় প্রজননক্ষম মৎস্য পালন এবং পোনা উৎপাদনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এ বিবেচনায় পরিকল্পিতভাবে বাঁওড়ে মাছের উৎপাদন বৃদ্ধি, পোনা উৎপাদন এবং ব্যবস্থাপনার প্রয়োজনে নীতিমালা প্রণয়নের প্রয়োজন অনুভূত হয়। ফলে দুটি ক্ষেত্রের প্রয়োজন বিবেচনা করে একটি পরিসরে ‘সরকারি মৎস্য বীজ উৎপাদন খামার ও বাঁওড়ে মৎস্য বীজ ও মৎস্য উৎপাদন, বিপণন এবং ব্যবস্থাপনা নীতিমালা, ২০১৯’ প্রণয়ন করা হয়, যা প্রজননক্ষম মৎস্য সংগ্রহ ও সংরক্ষণ, মাছের রেণু ও পোনা এবং চিংড়ির পিএল ও জুভেনাইল উৎপাদনের মাধ্যমে সার্বিকভাবে দেশে মাছের পোনার চাহিদা পূরণে এবং মৎস্য উৎপাদনে উল্লেখযোগ্য অবদান রাখবে। এ নীতিমালা সরকারি মৎস্য বীজ উৎপাদন খামার ও বাঁওড়ের বিজ্ঞানভিত্তিক ব্যবস্থাপনা সুচারুরূপে সম্পন্ন করতে সহায়ক হবে এবং এর মাধ্যমে সরকারি সম্পদের লাভজনক ব্যবহার নিশ্চিত হবে।



মোঃ রইছউল আলম মন্ডল

সচিব

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।